ভোরের কাগজ

তারিখ APR 8 1999
পৃষ্ঠা কলাম

মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতি

# তদন্ত কমিটির রিপোর্ট পেশ, বিএম কলেজ থেকে ছাত্রমৈত্রী বিতাড়িত

বরিশাল প্রতিনিধি : স্বাধীনতা দিবসের অনুষ্ঠানে মুক্তিযুদ্ধের ইতিহাস বিকৃতি ও বঙ্গবন্ধুর অবমাননার ঘটনাকে কেন্দ্র করে সরকারি বিএম কলেজের প্রশাসনিক ব্যবস্থা ভেঙে পড়েছে। অনার্স শ্রেণীতে ভর্তি প্রক্রিয়ায় অচলাবস্থা দেখা দিয়েছে। বিষয়টি তদন্তের জন্য গঠিত কমিটি রিপোর্ট দিয়েছে গতকাল। এক শিক্ষকের বাড়িতে হামলার ঘটনার নিন্দা জানিয়ে জেলা ওয়ার্কার্স পার্টি বিবৃতি দেওয়ায় ছাত্রলীগ (বা-অ) কর্মীরা ছাত্রমৈত্রী কর্মীদের গতকাল ক্যাম্পাস থেকে বের করে দিয়েছে। তাদের ক্যাম্পাসে প্রবেশের ওপর নিষেধাজ্ঞাও আরোপ করা হয়েছে। এ ঘটনায় ক্যাম্পাস ফাঁকা হয়ে যায়। শিক্ষকদের ভিতর ভীতি ছড়িয়ে পড়ে।

২২ জন শিক্ষক ও ছাত্রের সাক্ষ্যের ভিত্তিতে তৈরি রিপোর্টে ইতিহাস বিকৃতি ও বঙ্গবন্ধুর অবমাননার বিষয়টি প্রমাণিত হওয়ার কথা উল্লেখ করা হয়েছে বলে জানা গেছে।

এদিকে গত শনিবার কলেজের একজন শিক্ষকের বাড়িতে হামলার ঘটনায় জেলা ওয়ার্কার্স পার্টি নিন্দা জানিয়ে এক বিবৃতি প্রচার করলে ছাত্রলীগ (বা-অ) নেতাকর্মীরা ক্ষুব্ধ হয়। এর জের হিসেবে গতকাল ক্যাম্পাস থেকে ছাত্রমৈত্রীর কর্মীদের ক্যাম্পাস ত্যাগে বাধ্য করা হয়।